

অভিযান চলবে : আনিসুল হক

প্রকাশিত: ০৯:২২ এএম, ২৯ নভেম্বর ২০১৫



রাজধানীর তেজগাঁও এলাকার ট্রাকস্ট্যান্ডে কোনো মাস্তানি চলবে না। আমার উপর হামলা হলেও আমি ভীত নই। কেননা আমার সঙ্গে প্রধানমন্ত্রী ও জনগণ রয়েছে। ৫০ জনের এই বিক্ষোভ আমাদের অভিযান থামাতে পারবে না। অভিযান চলবে।

রোববার দুপুরে পুলিশকে সঙ্গে নিয়ে তেজগাঁও এলাকার ট্রাকস্ট্যান্ড এলাকা থেকে অবৈধভাবে পাকিং করা ট্রাক সরাতে গেলে হামলার শিকার হন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক ও রেল মন্ত্রী মুজিবুল হক। এ ঘটনার পরপরই তিনি তাৎক্ষণিকভাবে সংবাদ সম্মেলন করে এ কথা বলেন। তবে হামলায় মেয়র ও রেলমন্ত্রী অক্ষত রয়েছেন বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনায় একজন গুলিবিদ্ধ ও বিডিনিউজের আলোকচিত্রী তানভীর আহমেদ সজীব আহত হয়েছেন। তাদের রাজধানীর শমরিতা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ ফাঁকা গুলি ছোড়ে। পরে শ্রমিকরা সাতরাস্তা মোড়ে অবস্থান নিলে ওই এলাকায় যান চলাচল বন্ধ হয়ে যায়।

এআর/জেডএইচ/এএইচ/পিআর